

## পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

মেদিনীপুর :: ৭২১১০১

Fax: (03222) 263597 :: Phone: (03222) 275988 :: email: secy\_pmzpd@rediffmail.com :: website: www.zpmidwest.org

### প্রেসের কাগজ ক্রয় (২০১৪-২০১৫)'র জন্য দরপত্র আহ্বান (দ্বিতীয় দফা)

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ প্রেসে ছাপানোর জন্য আগস্ট ২০১৪ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত প্রয়োজনীয় কাগজ ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। এই সময়ের মধ্যে দফায় দফায় যখন যে রকম প্রয়োজন সেইমতো পর্যায়ক্রমে কাগজ ক্রয় করা হবে।

কাগজের বিবরণের সংযুক্ত তালিকা অনুসারে দরপত্র (জেলা পরিষদে পৌঁছানোর বহন খরচ ও সমস্ত প্রকার কর সহ মোটদর উল্লেখ করে) শীল করা খামে আগামী ২৫/৭/২০১৪ বেলা ৩-০০টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিতে হবে। ঐ দিন বেলা ৩-৩০টায় দরপত্রগুলি খোলা হবে।

দরপত্রের সাথে ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকার সিকিউরিটি মানি বাবদ ব্যাংক ড্রাফট, সচিব, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ -- এর অনুকূলে জমা দিতে হবে।

দরপত্রের সাথে এরূপ সরবরাহের বিষয়ে অভিজ্ঞতার প্রমাণ, ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন নম্বর, আয়কর যথাযথভাবে প্রদানের শংসাপত্র এবং কাগজের নমুনা জমা দিতে হবে। দরপত্রের সাথে উল্লিখিত বিষয়গুলি জমা না দিলে বা অমান্য করলে দরপত্র বাতিল বলিয়া গণ্য করা হবে।

দরপত্রে উল্লিখিত প্রস্তুতকারক সংস্থা, ওজন ও মান সঠিক রেখে জেলা পরিষদ কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে মাল সরবরাহ না করলে বা নিম্নমানের দ্রব্য সরবরাহ করলে কর্তৃপক্ষ সেই মাল বাতিল করবেন এবং বাতিল মাল সংশ্লিষ্ট সংস্থাকে নিজ খরচে নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরত নিয়ে যেতে হবে। এক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

রিমের মধ্যে ছেঁড়া, ফাটা বা সংখ্যায় কম কাগজ হলে তার সম পরিমান দ্রব্য সংশ্লিষ্ট সরবরাহকারীকে ঘাটতি পূরণ করে দিতে হবে। তা না করলে নির্ধারিত ক্ষতি, আর্থিক মূল্যে সংশ্লিষ্ট সংস্থাকে পূরণ করতে হবে।

সর্বনিম্ন দরদাতা ১৫দিনের মধ্যে দ্রব্যাদি সরবরাহ করতে বাধ্য থাকবেন, ঐ সময়ের মধ্যে সরবরাহ করতে না পারলে অতিরিক্ত ১৫দিন সময় দেওয়া যেতে পারে। ঐ সময়সীমাও অতিক্রান্ত হওয়ার পর পরবর্তী দরদাতার কাছ থেকে ঐ দ্রব্য সরবরাহ করার জন্য জানানো হবে। এক্ষেত্রে যে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হবে তা সর্বনিম্ন দরদাতার জমাকৃত সিকিউরিটি মানি থেকে কেটে নেওয়া হবে।

জেলা পরিষদ কর্তৃপক্ষের সঙ্গে সর্বনিম্ন দরদাতার ১০ টাকার নন জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে প্রয়োজনীয় চুক্তি সম্পাদন করতে হবে।

কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে যথাযথভাবে মাল সরবরাহ করার পর বিল জমা দিলে জেলা পরিষদের নিয়ম অনুসারে বিলের অর্থ প্রদান করা হবে।

দরপত্রের উল্লিখিত কাগজের তালিকা নিম্নস্বাক্ষরকারীর নিকট কাজের দিনে অফিস সময়ে পাওয়া যাবে।

যেকোন দরপত্র গ্রহণ ও বাতিলের অধিকার জেলা পরিষদ কর্তৃপক্ষের থাকবে।

স্মারক নং - ৩৩ / প্রেস

সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হল -

- জেলাশাসক দপ্তর, পশ্চিম মেদিনীপুর।
- মহকুমা শাসক দপ্তর, মেদিনীপুর সদর মহকুমা।
- নোটিশ বোর্ড পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
- মেদিনীপুর পৌরসভা, পশ্চিম মেদিনীপুর।
- শ্রী সঞ্জীব চৌধুরী, জেলা তথ্য বিশ্লেষক, বিজ্ঞাপনটি ওয়েবসাইটের মাধ্যমে প্রচার করার জন্য জানানো হল।

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ  
তারিখ - ২৬/৭/১৪

সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ